বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
কোম্পানি সচিবালয়
বোর্ড উপবিভাগ
বাপেক্স, ঢাকা

বিষয় : মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী
সভার স্থান : বাপেক্স বোর্ড রুম
তারিখ ও সময় : ১২ মার্চ, ২০২৫ দুপুর ২:০০ টা
সভাপতি : জনাব মোঃ শোয়েব, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | কার্যবিবরণী নিশ্চিতকরণ | সভার শুরুতে ব্যবস্থাপনা পরিচালক উপস্থিত কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানান। অত:পর সভাপতির অনুমতি নিয়ে উপমহাব্যবস্থাপক (বোর্ড) সভার সভাপতি, মহাব্যবস্থাপকসহ সকল পর্যায়ের কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি ফেব্রুয়ারি, ২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক উক্ত কার্যবিবরণীতে কারো কোন মতামত আছে কিনা সে বিষয়ে উপস্থিত কর্মকর্তাগণের নিকট জানতে চান। কার্যবিবরণীতে কারো কোনো মতামত না থাকায় নিশ্চিত করার পক্ষে সকলে একমত প্রকাশ করেন। | (ক) ১২.০৩.২০২৫ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হলো। | ১। উপমহাব্যবস্থাপক (বোর্ড) |
| ২ | ২টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (সুন্দলপুর-৪ ও শ্রীকাইল-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (সুন্দলপুর সাউথ-১ ও জামালপুর-১) খনন প্রকল্প | মহাব্যবস্থাপক (খনন) সভায় জানান যে, জামালপুর-১ কূপে ১৩৪৭ মিটার গভীরতা পর্যন্ত খনন সম্পন্ন হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক জামালপুর-১ কূপ হতে নিকটস্থ গ্রীড লাইন পর্যন্ত সঞ্চালন লাইন পাইপের রুট এবং লাইন পাইপ নির্মাণের লক্ষ্যে সম্ভাব্য মালামালের প্রাক্কলন প্রতিবেদন প্রস্তুতের নির্দেশনা প্রদান করেন। | (ক) জামালপুর-১ কূপ হতে নিকটস্থ গ্রীড লাইন পর্যন্ত সঞ্চালন পাইপ লাইনের রুট এবং পাইপ লাইন নির্মাণের লক্ষ্যে সম্ভাব্য মালামালের প্রাক্কলন প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ৩ | ভোলা নর্থ-এর প্রসেস প্ল্যান্ট স্থাপন | ব্যবস্থাপনা পরিচালক ভোলা নর্থ-এর প্রসেস প্ল্যান্ট স্থাপনের অগ্রগতির বিষয়ে জানতে চাইলে মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, ভূমি অধিগ্রহণ সংক্রান্ত ব্যয় প্রাক্কলন পাওয়া গেছে। বোর্ডের অনুমোদনক্রমে দ্রুত অর্থ পরিশোধের ব্যবস্থা নেয়া হবে। | ক) ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (ভোলা নর্থ প্রসেস প্ল্যান্ট) |
| ৪ | Drilling Rig ক্রয় | মহাব্যবস্থাপক (প্রকৌশল) সভায় জানান যে, ১০০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন ১টি রিগ ক্রয়ের লক্ষ্যে টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রতিবেদন দাখিল করা হয়েছে। এছাড়া ২০০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন ১টি রিগের কারিগরি বিনির্দেশ প্রস্তুতের জন্য কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যক্রম চলমান আছে। ব্যবস্থাপনা পরিচালক দ্রুত প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করেন। | (ক) ১০০০ ও ২০০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন ২টি রিগ ক্রয়ের লক্ষ্যে টেকনিক্যাল স্পেসিফিকেশন ও প্রাক্কলন দ্রুত প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>৩। সংশ্লিষ্ট প্রকল্প ব্যবস্থাপক |
| ৫ | গভীর কূপ খনন প্রকল্প | মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও আইসিটি) জানান যে, অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী DPP পুনর্গঠনপূর্বক পেট্রোবাংলার মাধ্যমে ২৯ জানুয়ারি ২০২৫ তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়। ডিপিপি'র ওপর গত ৫ মার্চ, ২০২৫ তারিখে প্রকল্প যাচাই | ক) প্রকল্প অনুমোদনের জন্য পেট্রোবাংলা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী ১৫ সদস্য বিশিষ্ট কমিটির মতামত পাওয়া গেলে ডিপিপি পুনর্গঠনপূর্বক পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হবে। | | |
| ৬ | সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | ব্যবস্থাপনা পরিচালক সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, এ সংক্রান্ত গঠিত কমিটির কার্যক্রম চলমান আছে। কমিটির সুপারিশ অনুযায়ী প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হবে। | (ক) কমিটির সুপারিশ অনুযায়ী প্রকল্প গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। মহাব্যবস্থাপক (ভূপদার্থ) |
| ৭ | চরফ্যাশন, মনপুরা ও হাতিয়া এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | মহাব্যবস্থাপক (ভূপদার্থ) জানান যে, পরিচালক পর্ষদের ৪৯৩তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে ২৬ জানুয়ারি ২০২৫ তারিখে পেট্রোবাংলায় প্রেরণ করা হলে ১২ মার্চ ২০২৫ তারিখে পেট্রোবাংলার বোর্ডে অনুমোদিত হয়। ডিপিপি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের অপেক্ষায় আছে। | (ক) প্রকল্প অনুমোদন ত্বরান্বিত করার জন্য পেট্রোবাংলা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং বাংলাদেশ পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |
| ৮ | অডিট আপত্তি | কোম্পানি সচিব অডিট অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাকে নিয়ে বাপেক্স এ অডিট বিষয়ে একটি সেমিনার আয়োজন করার প্রস্তাব করেন। ব্যবস্থাপনা পরিচালক অডিট বিষয়ে একটি সেমিনার আয়োজন করার নির্দেশনা প্রদান করেন। | (ক) অডিট অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাকে নিয়ে অডিট বিষয়ে একটি সেমিনার আয়োজন করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (এইচআরএম)<br>২। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা, ভারপ্রাপ্ত) |
| ৯ | অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম | মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জানান যে, অর্গানোগ্রাম প্রণয়ন কমিটি প্রতিবেদন দাখিল করেছে। ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, অর্গানোগ্রাম যাচাই-বাছাইয়ের কাজ চলমান আছে। খুব শীঘ্রই চূড়ান্ত অর্গানোগ্রাম পরিচালনা পর্ষদের সভায় উপস্থাপন করা সম্ভব হবে। | ক) চূড়ান্ত অর্গানোগ্রাম পরিচালক পর্ষদের সভায় উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) ও আহবায়ক, অর্গানোগ্রাম প্রণয়ন কমিটি |
| ১০ | রূপগঞ্জে ওয়ার্কওভার কার্যক্রম গ্রহণ | মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, রূপগঞ্জে-১ কূপে ওয়ার্কওভার পরিচালনার লক্ষ্যে ব্যয় প্রাক্কলন কমিটি গঠন করা হয়েছে। কমিটির প্রতিবেদন পাওয়া গেলে সুপারিশ অনুযায়ী পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। | (ক) রূপগঞ্জে-১ কূপে ওয়ার্কওভার কার্যক্রম গ্রহণের জন্য গঠিত কমিটির প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ১১ | শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার | শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার কাজের অগ্রগতির বিষয়ে মহাব্যবস্থাপক (খনন) জানান যে, কূপে ওয়ার্কওভার করার জন্য ইতোমধ্যে সংশ্লিষ্ট বিভাগসমূহ হতে ব্যয় প্রাক্কলন সংগ্রহ করা হয়েছে। তবে উক্ত কূপে ক্রোমিয়াম এ্যালয় টিউবিং ব্যবহারের যৌক্তিকতা নির্ধারণ ও প্রাক্কলিত ব্যয় পর্যালোচনার জন্য মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস)-কে আহবায়ক করে একটি কমিটি গঠন করা যেতে পারে। | (ক) মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস)-কে আহবায়ক করে একটি কমিটি গঠন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন) |
| ১২ | শ্রীকাইল ইষ্ট-১ ও সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, সেমুতাং-৬ এবং শ্রীকাইল ইস্ট-১ কূপের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য মহাব্যবস্থাপক (উৎপাদন), মহাব্যবস্থাপক ( খনন), মহাব্যবস্থাপক (প্রকৌশল), মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস) এর সমন্বয়ে একটি কারিগরি কমিটি গঠনের প্রস্তাব করেন। ব্যবস্থাপনা পরিচালক কমিটি গঠন করে দ্রুত প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করেন। | (ক) মহাব্যবস্থাপক (উৎপাদন), মহাব্যবস্থাপক ( খনন), মহাব্যবস্থাপক (প্রকৌশল), মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস) এর সমন্বয়ে একটি কারিগরি কমিটি গঠন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৩ | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করা | ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স এর নিরাপত্তা সম্পর্কে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (এইচএসই) জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রতিনিধিদল বাপেক্স ভবন পরিদর্শন শেষে সুপারিশ সম্বলিত একটি প্রতিবেদন দাখিল করেছে। এছাড়া Gas Generator সম্পর্কে তিতাস গ্যাস-কে অবহিত করা হয়েছে। *ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনে নিরাপত্তা* জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতর্ক থাকা ও প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের পরামর্শ প্রদান করেন। এছাড়া তিনি বাপেক্স ভবনের প্রতিটি ফ্লোরের কর্ণারে সিসি টিভি ক্যামেরা স্থাপনের নির্দেশনা প্রদান করেন। | (ক) বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) ভবনের প্রতিটি ফ্লোরের কর্ণারে সিসি টিভি ক্যামেরা স্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও আইসিটি)<br>২। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>৩। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| ১৪ | বিবিধ | (ক) উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জনাব স. আ. ম. মেরাজুল আলম সভায় জানান যে, ভূতাত্ত্বিক বিভাগে জনাব মোঃ আবদুস সোবহান উপমহাব্যবস্থাপক হিসেবে পদোন্নতি পেয়েছেন। তার দপ্তরে ব্যবহারের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয়ের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | (খ) উপমহাব্যবস্থাপক জনাব মোঃ আবদুস সোবহান এর দপ্তরে ব্যবহারের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র ক্রয়ের ব্যবস্থা করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| | | (খ) ব্যবস্থাপক (নির্মাণ) জনাব মোঃ আলতাফ হোসেন সভায় জানান যে, বাপেক্স ভবনের বাউন্ডারির বাইরে অস্থায়ী হোটেলের সিলিন্ডার স্থাপন করায় বাপেক্স ভবন ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। মাঝে মাঝে সিলিন্ডারে আগুন লাগার কারণে ভবনের জেনারেটর চালু রাখা ঝুঁকিপূর্ণ হয়ে যায়। এমতাবস্থায়, এ বিষয়ে স্থানীয় পুলিশ প্রশাসন ও সিটি কর্পোরেশনকে অবহিত করা যেতে পারে। ব্যবস্থাপনা পরিচালক স্থানীয় থানায় জিডি করার পরামর্শ প্রদান করেন। | (ক) বাপেক্স ভবনের বাউন্ডারির বাইরে অস্থায়ী হোটেলের সিলিন্ডার স্থাপন করায় বিষয়টি স্থানীয় থানায় জিডি করতে হবে ও সিটি কর্পোরেশনকে অবহিত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) |
| | | (গ) উপমহাব্যবস্থাপক (ভূপদার্থ) সভায় জানান যে, সাইসমিক সার্ভের মালামাল সংরক্ষণের জন্য একটি গোডাউন বা ওয়ারহাউজ নির্মাণ করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | (ঘ) সাইসমিক সার্ভের মালামাল সংরক্ষণের জন্য একটি গোডাউন বা ওয়ারহাউজ নির্মাণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| | | (ঘ) সভায় মহাব্যবস্থাপক (খনন) জানান যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২১ জানুয়ারি, ২০২৪ তরিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত এবং পেট্রোবাংলায় ১৫ মে, ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে বাপেক্স এর মাধ্যমে সম্পাদিতব্য বিজিএফসিএল এবং এসজিএফএল এর কূপসমূহ খনন এবং ওয়ার্কওভার করার লক্ষ্যে বছরভিত্তিক প্রয়োজনীয় মালামাল ক্রয় এবং বাপেক্সের নিজস্ব ন্যূনতম ০২টি কূপ খনন এবং ০৩টি ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় মালামাল সংগ্রহ করা যেতে পারে। | ১। বিজিএফসিএল এবং এসজিএফএল এর কূপসমূহ খনন ও ওয়ার্কওভার কাজ ত্বরান্বিতকরণের জন্য বাপেক্সের রাজস্ব বাজেট হতে নূন্যতম ০২টি কূপ খনন ও ০৩টি ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল ক্রয় করে ভান্ডারে মজুদ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন) |
| | | (ঙ) উপমহাব্যবস্থাপক জনাব মোঃ আনিসুর রহমান সোহেল কোম্পানিতে প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের গাড়ি ক্রয়ের ঋণ এর বর্তমান অবস্থা সম্পর্কে জানতে চাইলে ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, মন্ত্রণালয়ের নির্দেশনার কারণে এই মুহূর্তে গাড়ি ক্রয়ের ঋণ প্রদান করা সম্ভব নয়। তবে প্রাধিকারভুক্ত যে সকল কর্মকর্তারা এখনও সংযুক্ত গাড়ি পায়নি তাদের পরিবহন পুল হতে | ১। জনাব মোঃ আসাদ উল্লাহ্, মহাব্যবস্থাপক, প্রশাসন বিভাগ-আহবায়ক, জনাব মোঃ শাহজাহান, মহাব্যবস্থাপক, প্রকৌশল বিভাগ-সদস্য, জনাব এস. এম. সোনা উল্লাহ, উপমহাব্যবস্থাপক, হিসাব ও অর্থ বিভাগ-সদস্য, জনাব মোঃ জহিরল | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | অথবা যে সকল গাড়ি অচল অবস্থায় আছে সে সকল গাড়ি মেরারমত করার জন্য জনাব মোঃ আসাদ উল্লাহ্, মহাব্যবস্থাপক, প্রশাসন বিভাগ-আহবায়ক, জনাব মোঃ শাহজাহান, মহাব্যবস্থাপক, প্রকৌশল বিভাগ-সদস্য, জনাব এস. এম. সোনা উল্লাহ, উপমহাব্যবস্থাপক, হিসাব ও অর্থ বিভাগ-সদস্য, জনাব মোঃ জহিরুল ইসলাম, উপমহাব্যবস্থাপক, সেবা উপবিভাগ-সদস্য, জনাব মোঃ ছাবিলিলাহ হাসান সিদ্দিকী, ব্যবস্থাপক, প্রকৌশল বিভাগ-কে সদস্য-সচিব করে একটি কমিটি করার নির্দেশনা প্রদান করেন। | ইসলাম, উপমহাব্যবস্থাপক, সেবা উপবিভাগ-সদস্য, জনাব মোঃ ছাবিলিলাহ হাসান সিদ্দিকী, ব্যবস্থাপক, প্রকৌশল বিভাগ-কে সদস্য-সচিব করে একটি কমিটি গঠন করতে হবে।<br><br>**কমিটির করণীয়ঃ**<br><br>ক) পরিবহন পুলে যদি পর্যাপ্ত সচল গাড়ি থাকে তাহলে প্রাধিকারভুক্ত যে সকল কর্মকর্তা এখনও সংযুক্ত গাড়ি পায়নি তাদের প্রয়োজনীয় সংখ্যক গাড়ি বরাদ্দের সুপারিশ করবে।<br><br>খ) পরিবহন পুলে রক্ষিত দীর্ঘদিন ধরে অব্যবহৃত, মেরামতযোগ্য ও মেরামত অযোগ্য গাড়ির তালিকা (গাড়ির নম্বর, ক্রয়ের তারিখ ইত্যাদিসহ) প্রস্তুত করবে।<br><br>গ) মেরামতযোগ্য গাড়িসমূহ মেরামতের জন্য প্রয়োজনীয় যন্ত্রাংশ/সার্ভিসিং এর ক্রয় তালিকা ও প্রাক্কলিত মূল্য নির্ধারণ করবে এবং কোন্ ক্রয় পদ্ধতিতে গাড়ি মেরামত সম্পন্ন করা যাবে সে বিষয়ে সুপারিশ করবে। এছাড়া প্রাধিকারভুক্ত যে সকল কর্মকর্তা এখনও সংযুক্ত গাড়ি পায়নি তাদের প্রয়োজনীয় সংখ্যক গাড়ি বরাদ্দের সুপারিশ করবে।<br><br>ঘ) কমিটি আগামী ১০ (দশ) কার্যদিবসের মধ্যে উল্লিখিত বিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক বরাবর দাখিল করবে। | |

আলোচনার আর কোন বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/৩/২৫

মোঃ শোয়েব
ব্যবস্থাপনা পরিচালক
এবং
সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ:

১) মহাব্যবস্থাপক ........................................................... বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ....................................................... বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্পব্যবস্থাপক........................ বাপেক্স।
৪) অফিস কপি।